গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা অধিশাখা
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.dnc.gov.bd



নম্বর: ৫৮.০২.০০০০.০০৭.০০.০২৯(অংশ-৮).১৬-৫২৯

তারিখ : ২৪ আশ্বিন ১৪৩৩
২৯ সেপ্টেম্বর ২০২৬

# পরিপত্র

বিষয়: **ঔষধ শিল্পের কাঁচামাল বিশেষ করে বিভিন্ন প্রকার রাসায়নিক দ্রব্যাদি আমদানি সহজীকরণের লক্ষ্যে প্রস্তাবিত সুপারিশসমূহ বাস্তবায়ন।**

ঔষধ শিল্পের কাঁচামাল, বিশেষ করে বিভিন্ন প্রকার রাসায়নিক দ্রব্যাদি আমদানি সহজীকরণের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাসমূহ জারি করা হলো:

ক) মাদকদ্রব্য আমদানি লাইসেন্স, বিদ্যমান লাইসেন্সে নতুন মাদকদ্রব্য অন্তর্ভুক্তি এবং লাইসেন্সে উল্লিখিত মাদকদ্রব্যের পরিমাণ বৃদ্ধির আবেদনের ক্ষেত্রে আয়কর প্রদানের সনদের পরিবর্তে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে দাখিলকৃত আবেদনের সাথে আয়কর প্রদানের প্রাপ্তি স্বীকারপত্র (acknowledgement slip) গ্রহণ করা যাবে।

খ) মাদকদ্রব্য উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ লাইসেন্স এবং আমদানি লাইসেন্স প্রদান বা নবায়নের পূর্বে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ঔষধ উৎপাদন সংক্রান্ত পরিসংখ্যান এবং আমদানিকৃত পণ্যের মোড়ক উন্মোচনের সময় প্রতিষ্ঠানের সংরক্ষণাগারের সুবিধাদি পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করতে হবে।

গ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ বিধিমালা, ১৯৯৯ অনুযায়ী ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহকে প্রতি ০৩ (তিন) মাস পর পর আমদানি ও ব্যবহারের হিসাবের বিস্তারিত বিবরণী মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয়ে দাখিল করতে হবে এবং দাখিলকৃত হিসাব যাচাইয়ের জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন করতে হবে।

ঘ) কেবল API (Active Pharmaceutical Ingredients) উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের আমদানি পারমিট/পূর্বানুমতির আবেদন প্রক্রিয়াকরণের ক্ষেত্রে কারখানা/গুদাম পরিদর্শনের প্রয়োজন হবে না। তবে, API উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে তাদের system-এ আবশ্যিকভাবে অনলাইনে যাচাইকরণের প্রবেশাধিকার (access) প্রদান করবে।

ঙ) আমদানিকৃত কাঁচামাল কেমিক্যাল মজুদাগারে পৌঁছানোর পর মোড়ক উন্মোচনের সময় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রতিনিধি/প্রতিনিধিগণ সংরক্ষণাগার পরিদর্শন করবে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে আবেদন জমা দেওয়ার তারিখ থেকে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে অনিবার্য কারণে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রতিনিধিরা পরিদর্শন ও মোড়ক উন্মোচনে ব্যর্থ হলে আমদানিকারী প্রতিষ্ঠান নিজেই আমদানিকৃত মাদকদ্রব্যের মোড়ক উন্মোচন করতে পারবে। তবে এক্ষেত্রে আমদানিকারক প্রতিষ্ঠান কর্তৃক মোড়ক উন্মোচনের প্রমাণক হিসেবে যথাযথ ভিডিও চিত্র সংরক্ষণ করতে হবে।

চ) আমদানি পারমিট/অনুমোদনের আবেদন প্রক্রিয়াকরণকালে আবেদনের সত্যতা নিশ্চিতকরণ বা মাদকদ্রব্যের অপব্যবহার রোধের উদ্দেশ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর প্রয়োজনবোধে উৎপাদনকারী প্রতিষ্ঠানের কারখানা/গুদাম পরিদর্শন করবে।

ছ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহকে পরবর্তী অর্থবছরে পূর্ববর্তী অর্থবছরের বরাদ্দকৃত পরিমাণ থেকে অবশিষ্ট পরিমাণ ব্যবহারের অনুমতি প্রদান করবে।

জ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জেলা কার্যালয়সমূহ আমদানি লাইসেন্স এবং আমদানি পারমিট/আমদানির পূর্বানুমতির অনুমোদন প্রদানের জন্য তদন্ত প্রতিবেদন ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সরাসরি প্রধান কার্যালয়ে প্রেরণ করবে। প্রধান কার্যালয় ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে এ সংক্রান্ত সকল প্রক্রিয়া সম্পন্ন করবে।

ঝ) ঔষধ ও API (Active Pharmaceutical Ingredients) উৎপাদনকারী প্রতিষ্ঠান এবং ঔষধ উৎপাদনের জন্য কাঁচামাল আমদানির আবেদনকারী প্রতিষ্ঠানসমূহকে উৎপাদিত ঔষধ ও API-এর মোড়কে এবং কাঁচামাল আমদানির আবেদনে generic নাম স্পষ্ট অক্ষরে দৃশ্যমানভাবে উল্লেখ করতে হবে। এ বিষয়টি সংশ্লিষ্ট ঔষধ ও API উৎপাদনকারী প্রতিষ্ঠান এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয়সমূহ নিশ্চিত করবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হবে।

২৯/০৭/২০২৫

(মোঃ হাসান মারুফ)
মহাপরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
ই-মেইল: dg@dnc.gov.bd
ফোন: ৮৮০২-২২৬৬৬৪৪০০

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. যুগ্মসচিব, মাদক নিয়ন্ত্রণ অনুবিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. পরিচালক (প্রশাসন/অপারেশনস/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা
৫. চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা
৬. প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা
৭. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/ সিলেট/ ময়মনসিংহ/রংপুর/অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৮. উপপরিচালক (সকল), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, (মেট্রো/জেলা/বিভাগীয়/বিভাগীয় গোয়েন্দা/কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র) কার্যালয়
৯. উপপরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/ক্রয় পরিকল্পনা ও উন্নয়ন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
১০. প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১১. সহকারী পরিচালক (কমন সার্ভিস/প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা/গবেষণা ও প্রকাশনা/ অর্থ ও হিসাব / গোয়েন্দা /জনসংযোগ/ক্রয় পরিকল্পনা ও উন্নয়ন), প্রধান কার্যালয়, ঢাকা
১২. সহকারী পরিচালক (সকল), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, (মেট্রো/জেলা/বিভাগীয় গোয়েন্দা/কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র) কার্যালয়
১৩. অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৪. অফিস কপি/মাস্টার ফাইল